15 SEP 1986
তারিখ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

দৈনিক বাংলা

20
21

# পথকলি ট্রাস্ট তহবিলে ফার্স্ট লেডীর দান গ্রহণ

দুঃস্থ ও সুযোগ-সুবিধা বঞ্চিত শিশুদের জন্য প্রেসিডেন্ট এরশাদ গঠিত 'পথকলি ট্রাস্ট' তহবিলে বিভিন্ন সংগঠন ও সমাজের বিভিন্ন

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পথকলি

(প্রথম পৃঃ পর)

স্তরের জনগণের দান অব্যাহত রয়েছে।

ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ বৃহস্পতিবার সকালে তহবিলের সদর কার্যালয়ে তহবিলের জন্য বিভিন্ন সংগঠন ও ব্যক্তির নিকট থেকে দান গ্রহণ করেন। খবর বাসসের।

ঢাকা পৌর কর্পোরেশনের প্রশাসক এম এ মালেক কর্পোরেশনের পক্ষ থেকে বিশ লাখ টাকার দুটো চেক প্রদান করেন।

বেগম এরশাদ সমাজের কম ভাগ্যবান শিশুদের সাহায্যের জন্য দাতাদের ধন্যবাদ জানান।

**ফার্স্ট লেডীর সঙ্গে হেমন্তর সাক্ষাৎ**

ভারতের বিশিষ্ট সংগীত শিল্পী হেমন্ত মুখোপাধ্যায় বৃহস্পতিবার সকালে রাষ্ট্রপতি ভবনে বেগম রওশন এরশাদের সঙ্গে দেখা করেন।

তার স্ত্রী বেলা মুখোপাধ্যায় ও কন্যা রানু মুখোপাধ্যায় সংগীত শিল্পীর সঙ্গে ছিলেন এবং সেখানে কিছু সময় অতিবাহিত করেন।

সংগীত শিল্পী বাংলাদেশের দুঃস্থ মহিলা ও শিশুদের কল্যাণে বেগম এরশাদের মানবিক কাজের জন্য তার প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মিঃ মুখোপাধ্যায় তাদের ঢাকা অবস্থানকালে তাদের প্রতি যে আন্তরিক আতিথেয়তা প্রদর্শন করা হয় সেজন্য বাংলাদেশ সরকার ও জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ফার্স্ট লেডী রজনীগন্ধার তোড়া দিয়ে গায়ক পরিবারকে স্বাগত জানান। তিনি তাদের কিছু উপহারও দেন।